দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 AUG 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 7 ...

C32

# শিক্ষকদের সমস্যা সমাধানে গঠিত কমিটি অনুমোদন

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ দেশের শিক্ষক সমাজের সমস্যাদি ও অভাব-অভিযোগ দেখার জন্য শিক্ষামন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি গতকাল (শনিবার) অনুমোদন করিয়াছেন। গতকাল বঙ্গভবনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাহী কমিটির সদস্যদের সঙ্গে এক বৈঠকে শিক্ষকদের বিভিন্ন সমস্যার কথা আলোচনার পর প্রেসিডেন্ট উক্ত কমিটিকে অনুমোদন দান করেন। প্রেসিডেন্ট এরশাদ এই ফেডারেশনের চেয়ারম্যান। তিনি ফেডারেশনের তৎপরতা

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের সমস্যা সমাধানে

(১ম পৃঃ পর)

জোরদার করার জন্য একটি সাংগঠনিক পরিকল্পনাও অনুমোদন করেন বৈঠকে ফেডারেশনের ঢাকা নগরী কমিটি বিলোপ করিয়া দিয়া ইহাকে জোরদার করার জন্য একটি নূতন কমিটি গঠনের সিদ্ধান্তও অনুমোদন করা হয়।

আলোচনাকালে প্রেসিডেন্ট শিক্ষকদের সমস্যাদি সমাধানে সম্ভাব্য সকল সাহায্যদানের আশ্বাস দেন। ইতিপূর্বে ফেডারেশনের ভারপ্রাপ্ত মহাসচিব এ, কে, এম শহীদুল্লাহ শিক্ষকদেরকে ফেডারেশনের পতাকাতলে ঐক্যবদ্ধ এবং তাঁহাদের সমস্যাদি সমাধানের প্রচেষ্টার জন্য প্রেসিডেন্ট এরশাদকে অভিনন্দন জানান।

উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ এবং শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ এসময় উপস্থিত ছিলেন।